# নারীর উন্নয়নে প্রতিশ্রুতি বাস্তবায়নে কাজ করছে বিএনপি সরকার



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

নির্বাচনের সময় দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী নারীদের ক্ষমতায়নে সরকার কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, একটি মহল এখনও নারীদের অবমূল্যায়ন করে তাদের ঘরবন্দি রাখার মানসিকতা থেকে বের হতে পারেনি।

সোমবার (৯ মার্চ) দুপুরে রাজধানীর আগারগাঁওয়ের এলজিইডি ভবনে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আয়োজিত 'শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী সম্মাননা ২০২৬' অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। অনুষ্ঠানের আয়োজন করে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।

মন্ত্রী বলেন, পরিবর্তিত রাজনৈতিক প্রেক্ষাপটে জনগণের কল্যাণে কাজ করার ম্যান্ডেট পেয়েছে বিএনপি। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান যে সংস্কার ও উন্নয়ন পরিকল্পনার কথা বলেছেন, সেগুলোর বাস্তবায়ন ধাপে ধাপে এগোচ্ছে।

LENS ASIA

তিনি আরও আশা প্রকাশ করেন, ভেঙে পড়া রাষ্ট্রব্যবস্থা ও ক্ষতিগ্রস্ত অর্থনীতি নিয়েও সরকার দ্রুত পরিস্থিতি সামাল দিতে সক্ষম হবে এবং দেশ ইতিবাচক ধারায় ফিরে আসবে।

অনুষ্ঠানে সমাজের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখায় নয়জন নারীকে সম্মাননা প্রদান করা হয়।